

সাইপ্রাস কি আসলেই স্টুডেন্টদের জন্য স্ক্যাম?

বাস্তব অভিজ্ঞতা এবং গাইডলাইন - Abroad Setup

আসসালামু আলাইকুম!

ইউরোপ, আমেরিকা বা ইতালির মতো মোস্ট ওয়ান্টেড ডেস্টিনেশনগুলো যখন স্কলারশিপ বা বাজেটের অভাবে শুধুই স্বপ্ন হয়ে থাকে, তখন কি আপনার স্টাডি অ্যাব্রডের স্বপ্ন ওখানেই শেষ? আপনার এভারেজ একাডেমিক রেজাল্ট, স্টাডি গ্যাপ অথবা লো IELTS স্কোর যখন পাহাড়সমান বাধা হয়ে দাঁড়ায়, তিক তখনই বাংলাদেশ বা সার্বকর্ন্তিনেন্টের স্টুডেন্টদের 'প্ল্যান-সি' বা শেষ ভরসা হয়ে ওঠে **সাইপ্রাস**।



শেষ পর্যন্ত পড়ুন, আপনার জন্য স্পেশাল একটি গিফট অপেক্ষা করছে!

আমি আল আমিন, সাইপ্রাসের UCLan University-তে Advertising & Digital Marketing নিয়ে ২য় বর্ষে পড়ছি। এখন পর্যন্ত ৫০০+ স্টুডেন্টকে বিদেশে যাওয়ার ব্যাপারে সঠিক সিদ্ধান্ত ও তথ্য দিয়ে গাইড করেছি এবং ২০ জনেরও বেশি স্টুডেন্টকে সম্পূর্ণ নিজের অভিজ্ঞতা থেকে সফলভাবে স্টাডি অ্যাব্রডে যেতে সাহায্য করেছি।

সাইপ্রাস নিয়ে এত ধোঁয়াশা কেন?

এজেন্সির প্রতিশ্রুতি (স্বপ্ন)

ইউরোপিয়ান লাইফস্টাইল, ১০০% জব
গ্যারান্টি, ২ দিনে পিআর!

বাস্তবতা

পরিশ্রম, স্কিল ডেভেলপমেন্ট এবং সঠিক
দিকনির্দেশনা ছাড়া সার্বাইড করা কঠিন!

আপনি যদি নিজে খোঁজখবর না নিয়ে শুধু এজেন্সির কথায় অন্ধের মতো ভরসা করে বিদেশে যান, তাহলে সাইপ্রাস কেন, USA বা Canada-ও আপনার কাছে স্ক্যাম মনে হবে! আর নিজে সঠিক বাস্তবতা জেনে-বুঝে সিদ্ধান্ত নিলে, আপনি যেখানেই যান, কখনোই চিটেড ফিল করবেন না।

সাইপ্রাসে জব অপরচুনিটি কেমন?

স্টুডেন্টদের লিগ্যালি জব করার জন্য এখানে খুব সহজেই 'Job Permission Document' বের করা যায়। এটি পেতে হলে ন্যূনতম কিছু রিকোয়ারমেন্ট ফিলাপ করতে হয়, যেমন—আপনাকে অন্তত ৬ মাস সাইপ্রাসে

থাকতে হবে। সাইপ্রাস একটি ট্যুরিস্ট-সেন্দ্রিক দেশ। এখানকার কাজের ডিম্যান্ড অনুযায়ী যদি আপনার স্কিল থাকে, তাহলে কাজ নিয়ে সমস্যা হবে না ইনশাআল্লাহ।

কী ধরনের কাজের ডিম্যান্ড বেশি?

- হোটেল
- রেস্টুরেন্টে
- কুকিং / শেফ
- ক্লিনিং
- বারিস্তা (Barista)
- ফটোগ্রাফি বা ভিডিওগ্রাফি (এসব মুক্ত পেশায় জব পারমিট সেভাবে প্রয়োজন হয় না, ফলে বেশ অ্যাডভান্টেজ পাওয়া যায়)

এছাড়া ফুড ডেলিভারিসহ লেবার-সেন্দ্রিক বেশকিছু অদক্ষ (Unskilled) কাজের সুবিধাও আছে। তবে মনে রাখবেন, আপনার দক্ষতা যত কম হবে, আপনার ওয়ার্ক এনভায়রনমেন্ট তত হার্ড হবে।

আমার বেস্ট রেকমেন্ডেশন: সাইপ্রাস আসার আগে দেশে বসে ড্রাইভিং বা বারিস্তার মতো কোনো শর্ট কোর্স করে আসুন।

সাইপ্রাসে থাকা-খাওয়ার খরচ কেমন?

এক কথায় বলতে গেলে— **ইউরোপ স্ট্যান্ডার্ড**। তবে এই শব্দটা শুনেই এটাকে সরাসরি 'পজিটিভ' ভেবে ভুল করবেন না! পুরো বিষয়টা আগে বুঝুন। ইউরোপ স্ট্যান্ডার্ড মানে আমি শুধু 'লাক্সারি' বোঝাইনি, বরং 'এক্সপেন্স' বা খরচও বুঝিয়েছি।

আপনি যদি বাংলাদেশ থেকে টাকা এনে খাওয়ার খরচ চালান, তবে বাংলাদেশি টাকায় হিসাব করলে সেটা অনেক এক্সপেন্সিভ মনে হবে। কিন্তু আপনি যদি সেখানে পার্ট-টাইম জব করতে পারেন এবং ইউরোতে ইনকাম করেন, তাহলে— It's definitely OK!

আপনার কি আরও কিছু জানার আছে?

সাইপ্রাস নিয়ে আপনার ব্যক্তিগত কোনো প্রশ্ন বা কনফিউশন থাকলে সরাসরি আমাকে এখানে করতে পারেন, আমি নিজে উত্তর দেবো ইনশাআল্লাহ:

প্রশ্ন করুন

আপনাদের জন্য স্পেশাল গিফট!

শুরুতেই প্রমিস করেছিলাম একটি গিফট দেবো! সাইপ্রাসের সমস্ত ইউনিভার্সিটি, সাবজেক্ট, টিউশন ফি, এবং রিকোয়ারমেন্ট নিয়ে আমি বিস্তারিত একটি 'মাস্টার শিট' তৈরি করেছি।

এটি আপনাদের সঠিক ইউনিভার্সিটি এবং সাবজেক্ট সিলেকশনে সাহায্য তো করবেই, সাথে কোন ইউনিভার্সিটিতে প্রকৃত টিউশন ফি কত, সেটা জানলে কোনো এজেন্সি আপনার সাথে ডিল করার সময় ঠকাতে পারবে না।

আপনার গিফটটি কালেক্ট করুন এখান থেকে:

[ডাউনলোড সাইপ্রাস ইউনিভার্সিটি মাস্টার শিট](#)

আজকের মতো এখানেই শেষ করছি। সঠিক তথ্য জানুন, নিরাপদ সিদ্ধান্ত নিন।

- আল আমিন (Advertising & Digital Marketing, UCLan University & Founder, Abroad Setup)